গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
উপবৃত্তি সেল
এফ-৪/বি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

নম্বর: ৫৭.০৩.০০০০.০১০.৪০.০০৫.২৪-২৮৪ তারিখ: ১৫ জুলাই, ২০২৫ খ্রি.

# ব্লকড ও বাউন্সড অ্যাকাউন্ট সংশোধন সংক্রান্ত বিজ্ঞপ্তি

কারিগরি শিক্ষা অধিদপ্তরের উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা প্রদান কার্যক্রমে ২০২৪-২৫ অর্থবছরের সুবিধাভোগী শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদানকালে 'Jul/23- Jun/24_Blocked পে-রোলটি'র পুনরায় ব্লকড হওয়া ০৪টি অ্যাকাউন্ট ব্যতীত' অবশিষ্ট ১০,৫০৬ (দশ হাজার পাঁচশত ছয়) টি ব্লকড অ্যাকাউন্ট এবং ৯,৫২৩ (নয় হাজার পাঁচশত তেইশ) টি বাউন্সড ব্যাকড অ্যাকাউন্টসহ মোট ২০,০২৯(বিশ হাজার উনত্রিশ) টি ব্যাংক/মোবাইল ব্যাংকিং অ্যাকাউন্ট DTE Stipend MIS সফটওয়্যারের মাধ্যমে নিম্নোক্ত নির্দেশনা অনুযায়ী সংশোধন করতে হবে:

(ক) প্রতিষ্ঠান কর্তৃক dte.finance.gov.bd লিংকে প্রবেশ করে User ID ও পাসওয়ার্ড দিয়ে লগইন করতে হবে;

(খ) 'পে-রোল' মেন্যুর অধীন Blocked and Bounced EFT সাব মেন্যুতে ক্লিক করতে হবে;

(গ) 'অর্থবছর' লেখা ড্রপডাউন বক্সে ক্লিক করে ২০২৪-২০২৫ অর্থবছর সিলেক্ট করতে হবে;

(ঘ) 'পেমেন্ট চক্র' লেখা ড্রপডাউন বক্স সিলেক্ট করে যেটি যার জন্য প্রযোজ্য সেই পেরোল নাম (তালিকা সংযুক্ত) সিলেক্ট করতে হবে;

(ঙ) পে-রোল থেকে 'এসপিবিএমইউ স্ট্যাটাস' ড্রপডাউন বক্সে ক্লিক করে iBAS Returned/ Invalid Account Number/ Duplicate Account Number/ Invalid Name Format/ Invalid Account Number With Space প্রত্যেকটি পৃথকভাবে সিলেক্ট করে শিক্ষার্থীদের তথ্য সংশোধন করতে হবে;

(চ) এরপর 'খুঁজুন' বাটনে ক্লিক করে প্রতিষ্ঠানের Blocked and Bounced Back শিক্ষার্থীদের তালিকা দেখা যাবে;

(ছ) 'অ্যাকশন' সাব-মেন্যু এর অধীন 'এডিট' আইকনে ক্লিক করে শিক্ষার্থীদের MIS ID ও অ্যাকাউন্ট সংক্রান্ত তথ্য প্রদর্শিত হবে এবং প্রদর্শিত তথ্য হতে অ্যাকাউন্ট সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য সংশোধন করে 'সংরক্ষণ' (Save) বাটনে ক্লিক করতে হবে। কোন শিক্ষার্থীর অ্যাকাউন্ট সংশোধন সম্পন্ন হলে তালিকায় 'এসপিবিএমইউ স্ট্যাটাস'-এ Edited লেখা থাকবে;

২। অ্যাকাউন্ট সংশোধনের ক্ষেত্রে যে সকল বিষয়ের প্রতি মনোনিবেশ করতে হবে:

(ক) অ্যাকাউন্টধারীর জাতীয় পরিচয়পত্রের নামের সাথে অ্যাকাউন্টের নামের মিল থাকতে হবে;

(খ) একাধিক শিক্ষার্থীর উপবৃত্তির অর্থ প্রাপ্তির ক্ষেত্রে একই অ্যাকাউন্ট নম্বর ব্যবহার করা যাবে না;

(গ) ব্যাংক অ্যাকাউন্ট ও মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস গেটওয়ে কর্তৃক অ্যাকাউন্ট নম্বর ব্লক বা নিষ্ক্রিয় হয়ে আছে কিনা তা নিশ্চিত হতে হবে। ব্লক বা নিষ্ক্রিয় হয়ে থাকলে ব্যাংক ও মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস প্রোভাইডারের সাথে যোগাযোগপূর্বক অ্যাকাউন্ট সক্রিয় করার ব্যবস্থা নিতে হবে;

(ঘ) যে সময় EFT-এর মাধ্যমে অ্যাকাউন্ট-এ অর্থ বিতরণ করা হবে ঐ সময়ে অ্যাকাউন্ট-এ কোন সমস্যা যাতে না থাকে তা নিশ্চিত করতে হবে;

(ঙ) একই শিক্ষার্থীর Duble entry এর ক্ষেত্রে শুধুমাত্র একটি এন্ট্রির অ্যাকাউন্ট নম্বর সঠিক রেখে অন্য সকল অ্যাকাউন্ট এর ঘরে শূন্য বসাতে হবে।

৩। উপবৃত্তি কার্যক্রমের আওতায় সকল শিক্ষা প্রতিষ্ঠানকে আগামী ১২ আগস্ট ২০২৫ খ্রি. তারিখের মধ্যে সকল ব্লকড এবং বাউন্সড ব্যাকড অ্যাকাউন্ট নির্ভুলভাবে সংশোধন এবং প্রতিষ্ঠান প্রধানকে নিবিড় পর্যবেক্ষণ ও মনিটরিং করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৪। উল্লিখিত তারিখের পর আর কোনভাবেই শিক্ষার্থীর অ্যাকাউন্ট সংক্রান্ত তথ্য সংশোধন/অভিযোগ নিষ্পত্তির বা পরবর্তীতে অর্থ প্রদানের সুযোগ থাকবে না।

৫। "কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মধ্যে উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২৩" এর প্রযোজ্য সকল নির্দেশ প্রতিপালন করতে হবে।

৬। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তিটি জারী করা হলো।

১৫/০৭/২০২৫

(শেখ মোহাম্মদ তরিকুল ইসলাম)
সংযুক্ত কর্মকর্তা (উপবৃত্তি সেল)
(অধ্যক্ষ, সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ)

**অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। বিভাগীয় কমিশনার ....................(সকল);
২। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা;
৩। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা;
৪। পরিচালক (পিআইডব্লিউ/ভোকেশনাল/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশাসন/পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৫। আঞ্চলিক পরিচালক .............(সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর;
৬। অধ্যক্ষ, সরকারি/বেসরকারি পলিটেকনিক/মনোটেকনিক ইন্সটিটিউট.................... (সকল);
৭। প্রোগ্রাম এক্সিকিউটিভ অ্যান্ড কো-অর্ডিনেটর, BACS & iBAS++ স্কিম, আই ই বি ভবন (৫ম তলা), রমনা, ঢাকা;
৮। জেলা প্রশাসক.....................(সকল);
৯। অধ্যক্ষ, সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ.............. (সকল);
১০। অধ্যক্ষ, এইচএসসি (বিএমটি) শিক্ষাক্রম পরিচালনাকারী শিক্ষা প্রতিষ্ঠান, .............. (সকল);
১১। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ);
১২। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
১৩। জেলা শিক্ষা অফিসার............... (সকল);
১৪। উপজেলা নির্বাহী অফিসার .................... (সকল);
১৫। প্রধান শিক্ষক/ সুপারিনটেনডেন্ট, স্বতন্ত্র/ সংযুক্ত বেসরকারি এসএসসি (ভোকশনাল)/ দাখিল (ভোকেশনাল) প্রতিষ্ঠান (সকল);
১৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা (আইসিটি সেল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (অধিদপ্তরের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ);
১৭। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
১৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার.....................(সকল);
১৯। সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
উপবৃত্তি সেল
এফ-৪/বি, আগারগাঁও, শেরে বাংলা নগর , ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

## ২০২৪-২০২৫ অর্থবছরের পে-রোল ভিত্তিক সংশোধনযোগ্য অ্যাকাউন্টের সারসংক্ষেপ

| ক্রম | পেমেন্ট সাইকেল/পেরোল নাম | মোট সুবিধাভোগী | SPBMU কর্তৃক ব্লকড | বাউন্সড ব্যাক ইএফটি | মোট ব্লকড এবং বাউন্সড ব্যাক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | Jan/24- Jun/24_Diploma_S_2 | ৩১৮২৮ | ২১৭ | ৫৯৩ | ৮১০ | |
| ২ | Jan/24- Jun/24_Diploma_S_4 | ২৯৩১১ | ১৪০ | ৩১৫ | ৪৫৫ | |
| ৩ | Jan/24- Jun/24_Diploma_S_6 | ৩২৮৯২ | ১২০ | ২৮৮ | ৪০৮ | |
| ৪ | Jan/24- Jun/24_Diploma_S_8 | ৪০৪৩৭ | ১৬০ | ৪৩৫ | ৫৯৫ | |
| ৫ | Jan/25-Jun/25_C_10 | ৭০৫৪৮ | ১৪৭১ | ১৩৭৩ | ২,৮৪৪ | |
| ৬ | Jan/25- Jun/25_C_11(BMT) | ২৯৪১২ | ৩৩০ | ৩৩৬ | ৬৬৬ | |
| ৭ | Jan/25- Jun/25_C_11(Voc) | ৫৫১৬ | ৭৫ | ৮৫ | ১৬০ | |
| ৮ | Jan/25- Jun/25_C_12(BMT) | ১৭৯৩১ | ১২৫ | ১৮৮ | ৩১৩ | |
| ৯ | Jan/25-Jun/25_C_12(Voc) | ৩৮৩৭ | ৯১ | ৬৭ | ১৫৮ | |
| ১০ | Jan/25-Jun/25_C_6 | ৮৪৬৭ | ১০৯ | ৪১ | ১৫০ | |
| ১১ | Jan/25-Jun/25_C_7 | ৯৭২৮ | ১২৫ | ১০৮ | ২৩৩ | |
| ১২ | Jan/25-Jun/25_C_8 | ১০৪৬২ | ২১৪ | ১২৫ | ৩৩৯ | |
| ১৩ | Jan/25-Jun/25_C_9 | ৮০৪৯৪ | ১৬৪২ | ১৩১৩ | ২,৯৫৫ | |
| ১৪ | Jul/23- Jun/24_Blocked | ৯৯৮ | —[*৪] | ৫৬ | ৫৬ | *পুনরায় ব্লক হওয়া ০৪টি অ্যাকাউন্ট সংশোধন করা যাবে না |
| ১৫ | Jul/24-Dec/24_C_10 | ১২৪৪১৯ | ৩০৪৩ | ৯৮ | ৩,১৪১ | |
| ১৬ | Jul/24-Dec/24_C_11 | ৫৬৫০ | ৫৬ | ১৫৭ | ২১৩ | |
| ১৭ | Jul/24- Dec/24_C_11(BMT) | ২৯৪১২ | ৩৩০ | ২৯৪ | ৬২৪ | |
| ১৮ | Jul/24-Dec/24_C_12 | ৩১৯৫ | ৪৩ | ৬৬ | ১০৯ | |
| ১৯ | Jul/24- Dec/24_C_12(BMT) | ১৭৯৩১ | ১২৫ | ১৬৮ | ২৯৩ | |
| ২০ | Jul/24-Dec/24_C_6 | ৭৪৯৪ | ১০৩ | ১৭৭ | ২৮০ | |
| ২১ | Jul/24-Dec/24_C_7 | ৯৬৩৫ | ১৬৭ | ২৭২ | ৪৩৯ | |
| ২২ | Jul/24-Dec/24_C_8 | ১০৩৭৮ | ২১২ | ২৫১ | ৪৬৩ | |
| ২৩ | Jul/24-Dec/24_C_9 | ৬৭০৯৫ | ১১৪৬ | ১৮২৩ | ২,৯৬৯ | |
| ২৪ | Jul/24- Dec/24_Diploma_S_3 | ২৫৭৫৮ | ২০২ | ২৮১ | ৪৮৩ | |
| ২৫ | Jul/24- Dec/24_Diploma_S_5 | ৩২৩০৬ | ১৩৯ | ২৬৫ | ৪০৪ | |
| ২৬ | Jul/24- Dec/24_Diploma_S_7 | ৩৪৩৫১ | ১২১ | ৩৪৮ | ৪৬৯ | |
| | সর্বমোট সংশোধনযোগ্য | | ১০৫০৬ | ৯৫২৩ | ২০,০২৯ | |

২৫/০৭/২০২৫

শেখ মোহাম্মদ [illegible] ইসলাম
সংযুক্ত কর্মকর্তা
কারিগরি শিক্ষা অধিদপ্তর